ঠাকুরগাঁওয়ে মির্জা রুহুল আমিন” স্মৃতি টি-২০ ক্রিকেট টুর্নামেন্ট উদ্বোধন

শামসুণ আলম,ঠাকুরগাঁও:: জাকজমকপুর্ণ আয়োজনের মধ্য দিয়ে ঠাকুরগাঁওয়ে মির্জা রুহুল আমিন” স্মৃতি টি-২০ ক্রিকেট টুর্নামেন্ট উদ্বোধন করা হয়। গতকাল বৃহস্পতিবার বিকেলে শহীদ মোহাম্মদ আলী স্টেডিয়ামে বেলুন উড়িয়ে টুর্নামেন্টের উদ্বোধন করেন প্রধান অতিথি অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট সরদার মোস্তফা শাহিন।

“মির্জা রুহুল আমিন” স্মৃতি টি-২০ ক্রিকেট টুর্নামেন্ট পরিচালনা কমিটির আয়োজনে উদ্বোধনী অনুষ্ঠানে টুর্নামেন্ট পরিচালনা কমিটির আহবায়ক বিশিষ্ট ব্যবসায়ী মেসার্স গার্ডেনিয়ার স্বত্তাধিকারী মো: নূর-এ-শাহাদাৎ স্বজনের সভাপতিত্বে বক্তব্য দেন, প্রধান অতিথি ঠাকুরগাঁও অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট ও পৌরসভার প্রশাসক সরদার মোস্তফা শাহিন, বিশেষ অতিথি অতিরিক্ত পুলিশ সুপার মোহাম্মদ আব্দুল্লাহ, টুর্নামেন্ট পরিচালনা কমিটির সদস্য সচিব পৌর বিএনপির সভাপতি মো: শরিফুল ইসলাম শরিফ, ঠাকুরগাঁও প্রেস ক্লাবের সভাপতি মো: লুৎফর রহমান মিঠু, জেলা ফুটবল রেফারীজ এসোসিয়েশনের উপদেষ্টা মো: ফারুক হোসেন প্রমুখ। উপস্থিত ছিলেন জেলা ফুটবল রেফারীজ এসোসিয়েশনের উপদেষ্টা মো: মাজেদ জাহাঙ্গীর অপু, টাউন ক্লাবের সাধারণ সম্পাদক মো: ফারুক হোসেন জুলু, জেলা বিএনপির দপ্তর সম্পাদক মো: মামুন উর রশিদ, জেলা যুবদলের আহবায়ক মো: আবু হানিফ মুস্তা, সদস্য সচিব মো: জাহিদুল ইসলাম জাহিদসহ টুর্নামেন্ট পরিচালনা কমিটির অন্যান্য সদস্য ও অংশগ্রহনকারী টিমের কর্মকর্তা ও খেলোয়াড়বৃন্দ।

উদ্বোধনী খেলায় ঠাকুরগাঁও ইয়্যুথ ক্লাব প্রতিদ্বন্দিতা করে দিনাজপুর ডোমিনেটর্স ক্লাবের সাথে। পরবর্তিতে প্রতিদিন ৪টি করে খেলা অনুষ্ঠত হবে বলে জানান কর্তৃপক্ষ। সম্ভাব্য ফাইনাল খেলার তারিখ নির্ধারণ করা রয়েছে ১৭ মে।

উল্লেখ্য যে, টুর্নামেন্টে দেশের বিভিন্ন অঞ্চলের মোট ১৬টি দল অংশগ্রহণ করছে। দলগুলো হলো:- ঠাকুরগাঁও ইয়্যুথ ক্লাব, দিনাজপুর

wWমনেটর্স, সৈয়দপুর ফিউচার স্টার ইলেভেন, হ্যালো পান্ডা ওয়ারিয়র্স যশোর, পীরগঞ্জ ক্রিকেট একাডেমী ঠাকুরগাঁও, বেঙ্গল বয়েস ক্রিকেট একাডেমী দিনাজপুর, এ এস স্পোর্টস দেবীগঞ্জ পঞ্চগড়, ডোপ স্ট্রাইকার্স ঢাকা, সৃজন ওয়ারিয়র্স ঠাকুরগাঁও, রাণীশংকৈল ক্রিকেটার্স ঠাকুরগাঁও, বাংলা লায়ন ক্রিকেট একাডেমী সৈয়দপুর, মাস্টার্স স্পোর্টস ইন্সটিটিউশন ঢাকা, পাবনা ক্রিকেটার্স, ইজি বাংলা লিমিটেড ঢাকা, রাজশাহী ওয়ারিয়র্স ও দিনাজপুর ইমাজিং বয়েস দিনাজপুর।